

প্রথম খালো

তারিখ 25 AUG 2013  
২৫/৮

**বিসিএস শিক্ষা সমিতিতে**  
**'জাতীয়তাবাদীদের' জয়**

নিজস্ব প্রতিবেদক ●

সরকারি কলেজশিক্ষকদের সংগঠন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কার্যনির্বাহী কমিটির নির্বাচনে কেন্দ্রীয় ৬১টি সম্পাদকীয় পদের মধ্যে 'জাতীয়তাবাদী' হিসেবে পরিচিত নাসরীন-সোহেল প্যানেল সভাপতিসহ ৬০টি পদে জিতেছে। বর্তমান সরকারপন্থী হিসেবে পরিচিত দুটি প্যানেলের মধ্যে মাসুমে রকমানী-সেলিম উল্লাহ বোন্দকার প্যানেল মহাসচিব পদে জিতেছে।

গত মঙ্গলবার-ভোট গ্রহণের পর ৩৫বার রাতে আনুষ্ঠানিকভাবে নির্বাচনের ফল ঘোষণা করা হয়।

ঘোষিত ফলাফল অনুযায়ী সভাপতি নির্বাচিত হয়েছেন নাসরীন-সোহেল প্যানেল থেকে ঢাকাইদের সরকারি সাক্ষর কলেজের ইতিহাস বিজ্ঞানের অধ্যাপক নাসরীন বেগম। তিনি পেয়েছেন তিন হাজার ৬২৭ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মাসুমে রকমানী খান পেয়েছেন তিন হাজার ৩৩৫ ভোট। আর সরকারপন্থীদের আরেকটি শফিক-শাহেদ প্যানেলের এস এম শফিকুল ইসলাম পেয়েছেন দুই হাজার ২৬৭ ভোট।

অন্যান্যদিকে মহাসচিব হয়েছেন মাসুমে রকমানী-সেলিম উল্লাহ বোন্দকার প্যানেল থেকে ঢাকা কলেজের শিক্ষক ও সমিতির সাবেক মহাসচিব আই কে সেলিম উল্লাহ বোন্দকার। তিনি পেয়েছেন তিন হাজার ৮৪৮ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয়তাবাদী প্যানেলের খান মইনুদ্দীন মাহমুদ আল সোহেল পেয়েছেন তিন হাজার ৩৭৭ ভোট। এই পদে শফিক-শাহেদ প্যানেলের মো. শাহেদুল খবির চৌধুরী পেয়েছেন এক হাজার ৯৩১ ভোট।

সারা দেশে ১৮৮টি কেন্দ্রে ভোট গ্রহণ হয়। এবার মোট ভোটার ছিলেন ১০ হাজার ৩০০ জন।